

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date:08-09-2024
Time: 07.35-07.40 AM Hrs
BENGALI MORNING BULLETIN

CM-Kailashahar :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্য সরকার শিক্ষা ও স্বাস্থ্যকে সর্বাধিক অগ্রাধিকার দিয়ে কাজ করছে। শিক্ষা ও স্বাস্থ্যের মানোন্নয়নের জন্য নতুন নতুন প্রকল্প ও সুযোগ সম্প্রসারণ করা হচ্ছে। গতকাল কৈলাসহরের রামকৃষ্ণ মহাবিদ্যালয়ের বর্ষব্যাপী প্লাটিনাম জুবিলি উৎসবের উদ্বোধন করে তিনি একথা বলেন। তিনি বলেন, রাজ্যে কলেজ এবং বিশ্ববিদ্যালয়েও জাতীয় শিক্ষানীতি চালু করা হয়েছে। সেগুলো ধীরে ধীরে বাস্তবায়িত হচ্ছে। পরবর্তী প্রজন্ম এর সুফল ভোগ করবে। রাজ্যে 'লক্ষ্য' নামে একটি প্রকল্প চালু করা হয়েছে। রাজ্যের শিক্ষিত যুবক যুবতীরা ইউপিএসসি পরীক্ষায় আইএএস/আইপিএস এর মতো প্রশাসনিক পদ অর্জন করার জন্য এই প্রকল্প থেকে সুবিধা নিতে পারবে। এই প্রকল্পের অধীনে এই সমস্ত প্রশাসনিক পদে প্রিলিমিনারি পরীক্ষায় যারা সাফল্য লাভ করে তাদের ৫ লক্ষ ২০ হাজার আর্থিক সহায়তা দেওয়া হয়।

Review Meeting-Disha Committee :

ডিস্ট্রিক্ট ডেভেলপমেন্ট কো-অর্ডিনেশন মনিটরিং কমিটির (দিশা) এক সভা গতকাল উত্তর ত্রিপুরা জেলায় অনুষ্ঠিত হয়। জেলাশাসক কার্যালয়ের সভাকক্ষে আয়োজিত এই সভায় সভাপতিত্ব করেন পূর্ব ত্রিপুরা সংসদীয় ক্ষেত্রের সাংসদ কৃতী দেবী দেববর্মণ। তিনি বলেন, মানুষের আর্থসামাজিক অবস্থার

মান উন্নয়নে অগ্রাধিকার দিয়ে কাজ করতে হবে। সভায় সাংসদ শিক্ষা, স্বাস্থ্য, সমাজকল্যাণ, কৃষি, উদ্যান পালন, পূর্ত, পানীয়জল ও স্বাস্থ্যবিধান, বিদ্যুৎ, জাতীয় সড়ক, গ্রামীণ সড়ক উন্নয়ন কর্মসূচিগুলি নিয়ে বিস্তারিতভাবে পর্যালোচনা করেন। তাছাড়াও সম্প্রতি বন্যায় জেলায় যে ক্ষয়ক্ষতি হয়েছে তাও পর্যালোচনা করেন। বন্যায় ক্ষতিগ্রস্ত পরিবারগুলিকে সহায়তা, ক্ষতিগ্রস্ত রাস্তাঘাট দ্রুততার সাথে মেরামত করার উপর গুরুত্ব আরোপ করেন।

পর্যালোচনা সভায় জেলাশাসক দেবপ্রিয় বর্ধন জেলায় রূপায়িত হচ্ছে এমন বিভিন্ন উন্নয়নমূলক কাজের তথ্য তুলে ধরেন। তিনি জানান, এমজিএন রেগায় জেলায় চলতি বছরে ৩৩ লক্ষ শ্রমদিবসের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে। তিনি জানান, এমজিএন রেগায় স্থায়ী সম্পদ তৈরি করার উপর গুরুত্ব দেওয়া হয়েছে। সভায় সাংসদ জেলার বিভিন্ন উন্নয়নমূলক কাজের পর্যালোচনা করেন। সভায় উপস্থিত ছিলেন বিধায়ক যাদবলাল দেবনাথ, বিধায়ক শৈলেন্দ্র চন্দ্র নাথ সহ জেলার শীর্ষ আধিকারিকরা।

Tripura University :

আজ ত্রিপুরা কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয়ের ত্রয়োদশ সমাবর্তন অনুষ্ঠান হবে। বিশ্ববিদ্যালয়ের মহারাজ বীর বিক্রম শতবার্ষিকী ভবনে সকাল ১১টায় এই সমাবর্তন অনুষ্ঠানের উদ্বোধন করবেন রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাগু। অনুষ্ঠানের সভাপতিত্ব করবেন বিশ্ববিদ্যালয়ের আচার্য আহমেদ জাভেদ।

JRBT Result :

জে.আর.বি.টি পরিচালিত Multi Tasking Staff (গ্রুপ-ডি) পদে নিয়োগের জন্য গৃহিত পরীক্ষায় উত্তীর্ণদের নামের তালিকা গতকাল প্রকাশ করা হয়েছে। মোট ২ হাজার ৪৩৭ প্রার্থী

উত্তীর্ণ হয়েছেন। জেআর বিটির কন্ট্রোলার ডঃ দেবমিতা কিলিকদার এক বিজ্ঞপ্তিতে মেধাতালিকা প্রকাশ করেন।

Train :

সাম্প্রতিক ভয়াবহ বন্যায় আগরতলা থেকে উদয়পুর হয়ে বিলোনিয়া পর্যন্ত রেল লাইনের বিভিন্ন অংশ ক্ষতিগ্রস্ত হওয়ায় আগরতলা ও সাব্রুম এর মধ্যে ডেমো ট্রেন সার্ভিস বন্ধ রয়েছে। এই রুটে সমস্ত ট্রেন আজ পর্যন্ত বাতিল করা হয়েছে। তাছাড়া কাঞ্চনজঙ্ঘা এক্সপ্রেস সাব্রুমের পরিবর্তে আগরতলা থেকে শিয়ালদহের উদ্দেশ্যে আজ রওনা হবে। এন এফ রেলওয়ে সূত্রে এ খবর জানা গেছে।

Press Meet-DM :

"প্রধানমন্ত্রী জনজাতি আদিবাসী ন্যায় মহা অভিযান" প্রকল্পে পশ্চিম জেলায় বসবাসরত সমস্ত রিয়াং জনজাতিদের সমস্ত সুবিধা প্রদান করা হয়েছে। গতকাল আগরতলায় পশ্চিম জেলার জেলা শাসক ডা. বিশাল কুমার এক সাংবাদিক সম্মেলনে একথা জানান। তিনি জানান, এই প্রকল্পের জন্য পশ্চিম জেলার পুরাতন আগরতলা এবং বেলবাড়ি ব্লককে চিহ্নিত করা হয়। এই ২টি ব্লক এলাকায় সমস্ত রিয়াং পরিবারকে এই প্রকল্পের সমস্ত সুযোগ-সুবিধা প্রদান করা হয়েছে।

Mansukh Mandabvya :

কেন্দ্রীয় ক্রীড়া মন্ত্রী মনসুখ মান্ডাভিয়া বলেছেন যে সরকার ক্রীড়াবিদ এবং কোচদের সমস্ত ধরণের সুযোগ-সুবিধা দিতে প্রতিশ্রুতিবদ্ধ। শ্রী মান্ডাভিয়া বলেন, ক্রীড়াবিদরা যাতে আরও ভালো ফলাফল করতে পারেন সেজন্য সরকার আন্তর্জাতিক

মানের ক্রীড়া পরিকাঠামো তৈরি করছে। গতকাল নতুনদিল্লিতে প্যারিস প্যারা অলিম্পিক থেকে ফিরে আসা অ্যাথলিটদের সংবর্ধনা দেওয়ার সময় শ্রী মান্দাভিয়া একথা বলেন। স্বর্ণপদক বিজয়ী অবনী লেখারা, রৌপ্য পদক বিজয়ী মনীশ নারওয়াল ও প্রণব সোরমা এবং ব্রোঞ্জ পদক বিজয়ী মোনা আগরওয়াল, রুবিনা ফ্রান্সিস এবং রাকেশ কুমারকে সম্বর্ধনা জানানো হয়।

Chandra Smriti League :

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত চন্দ্র স্মৃতি ঘরোয়া প্রথম ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার খেলায় গতরাতে রামকৃষ্ণ ক্লাব জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে নৈশালোকে অনুষ্ঠিত খেলায় রামকৃষ্ণ ক্লাব ২-১ গোলে জুয়েলস এসোসিয়েশনকে পরাজিত করে। ফলে তিন পয়েন্ট পায়।

Weather :

আজ আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। দুএক জায়গায় বজ্রবিদ্যুৎ সহ হালকা থেকে মাঝারি পর্যায়ে বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬ ডিগ্রি সেলসিয়াস। দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রী সেলসিয়াসের কাছাকাছি থাকবে।
